গাংনীতে লাটাহাম্বার কেড়ে নিল প্রথম শ্রেণির শিক্ষার্থীর প্রাণ

মেহেরপুরের গাংনী উপজেলায় স্যালো ইঞ্জিনচালিত অবৈধ যান লাটাহাম্বার চাপায় সানজিদা খাতুন (৬) নামে প্রথম শ্রেণির এক শিক্ষার্থীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

শনিবার (৯ মে) সকাল পৌনে ১১টার দিকে তেঁতুলবাড়িয়া-বামন্দী সড়কের করমদি সন্ধানী মোড়ের অদূরে এ দুর্ঘটনা ঘটে। দুর্ঘটনার পর পালিয়ে যাওয়ার সময় চালক সাব্বির হোসেনকে আটক করে পুলিশের হাতে তুলে দিয়েছে স্থানীয় জনতা।

নিহত সানজিদা খাতুন করমদি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শ্রেণির শিক্ষার্থী এবং করমদি গ্রামের কাপড় ব্যবসায়ী সাজেদুল হকের মেয়ে।

স্থানীয়রা জানান, সানজিদা খাতুন রাস্তা পার হওয়ার সময় তেঁতুলবাড়িয়া এলাকা থেকে বেপরোয়া গতিতে আসা বালুবোঝাই স্যালো ইঞ্জিনচালিত অবৈধ যান লাটাহাম্বার তাকে চাপা দেয়। এতে ঘটনাস্থলেই শিশুটির মৃত্যু হয়।

তেঁতুলবাড়িয়া ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান তৌহিদ হোসেন বলেন, দুর্ঘটনার পর চালক পালিয়ে যাওয়ার চেষ্টা করলে ক্ষুব্ধ জনতা তাকে আটক করে পুলিশের কাছে সোপর্দ করে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) উত্তম কুমার দাস ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। নিহতের পরিবারের সঙ্গে কথা বলে পরবর্তী আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

# [redacted]

[redacted]

মেহেরপুর শহরে লাটাহাম্বায় প্রাণ হারালেন এলজিইডি কর্মচারী

মেহেরপুর শহরে বাঁশের গুড়িভর্তি বেপরোয়া গতির লাটাহাম্বারের ধাক্কায় প্রাণ গেলো এলজিইডির অফিস সহায়ক মোজাম্মেল হকের । এছাড়া আহত হয়েছেন রিকসা চালক আব্দুল আলীম।

নিহত মোজাম্মেল হক মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের মৃতু আব্দুল মোতালেবের ছেলে ও এলজিইডির মেহেরপুর নির্বাহী প্রকৌশলী অফিসের অফিস সহায়ক। আহত রিকসা চালক আব্দুল আলীম মেহেরপুর শহরের বোশপাড়া এলাকার মৃত জসিম উদ্দিনের ছেলে।
আজ বুধবার (৩১ জানুয়ারি) সন্ধ্যার সময় মেহেরপুর পৌরসভার সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকা থেকে বাঁশের গুড়ি বোঝায় একটি দ্রুতগতির লাটাহাম্বার পৌরসভার সামনে স্পিডবেকার পার হওয়ার সময় একটি চাকা খুলে চলন্ত মোটরসাইকেল আরোহী মোজাম্মেল হক ও রিকসাচালক আব্দুল আলীমকে চাপা দেয়। এসময় তারা দুজনেই রাস্তার উপর লুটিয়ে পড়েন। স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। এসময় কর্তব্যরত চিকিৎসক মোজাম্মেল হককে মৃতু ঘোষণা করেন। দুর্ঘটনার সময় লাটাহাম্বার চালক পালিয়ে যায়।

খবর পেয়ে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজাহান হাসপাতালে এসে হতাহতদের চিকিৎসার খোঁজ খবর নেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, নিহত মোজাম্মেল হকের মরদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া আহত আব্দুল আলীম মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এখন পর্যন্ত লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।